



তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি. (পেট্রোবাংলার একটি কোম্পানী)

স্মারক নং-২৮.১৩.০০০০.০০০.১০০.২৭.০০৭.২৫/৩৭৪

তারিখ: ২৬/১১/২০২৫

দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ

যেহেতু, আপনি জনাব মোহাম্মদ জাকির হোসেন (০২৩১১), সহকারী কর্মকর্তা গত ১৯/০১/২০২৫ হতে ০৭/০২/২০২৫ তারিখ পর্যন্ত ২০ (বিশ) দিনের অননুমোদিত বহিঃবাংলাদেশ ছুটি শেষে অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেননি; এবং

২। যেহেতু, আপনি পেট্রোবাংলায় অফিস আদেশ অনুযায়ী মঞ্জুরীকৃত ২০ (বিশ) দিন ছুটি ভোগ শেষে ০৮/০২/২০২৫ তারিখ হতে অননুমোদিত এবং বিধিবিহীনভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন; এবং

৩। যেহেতু, আপনি যথাযথ প্রক্রিয়া অবলম্বন না করে ই-মেইল এর মাধ্যমে তারিখ বিহীন ও সময়সীমা উল্লেখ না করে অসম্পূর্ণ একটি ছুটি বর্ধিতকরণের আবেদন করেছেন; এবং

৪। যেহেতু, আপনি ৬০ (ষাট) দিনের অধিক সময় অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন; এবং

৫। যেহেতু, আপনার উপর্যুক্ত কার্যকলাপ কোম্পানির কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর আচরণ ও শৃঙ্খলা ধারা-৩৭ এর ২(খ) এর ব্যত্যয় এবং একই প্রবিধানমালার ধারা-৩৮ (খ) ও ৩৮ (গ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' এবং 'পলায়ন' এর পর্যায়ভুক্ত দণ্ডযোগ্য অপরাধ; এবং

৬। যেহেতু, উল্লিখিত অভিযোগে আপনার বিরুদ্ধে কোম্পানির কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০০৮- ধারা ৩৮ (খ) ও ৩৮ (গ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' এবং 'পলায়ন' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে পত্র স্মারক নং- ২৮.১৩.০০০০.১০০.২৭.০০৭.২৫/২১২, তারিখ: ১৪/০৮/২০২৫ এর মাধ্যমে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রণয়নপূর্বক রেজিস্টার্ড ডাকযোগে আপনার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করা হয়; এবং

৭। যেহেতু, নির্ধারিত ১০ (দশ) কার্যদিবস অতিবাহিত হলেও আপনি অদ্যাবধি অভিযোগনামার জবাব প্রদান করেননি; এবং

৮। যেহেতু, ন্যায় বিচারের স্বার্থে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ধারা-৪২ এর উপধারা-(৩) মোতাবেক কোম্পানির পত্র স্মারক সূত্র নং- ২৮.১৩.০০০০.০০০.১০০.২৭.০০৭.২৫/২৭০, তারিখ: ১৫/০৯/২০২৫ তারিখে একটি বিভাগীয় তদন্ত কমিটি গঠন করা হয়; এবং

৯। যেহেতু, উক্ত তদন্ত কমিটি ১৬/১১/২০২৫ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে আপনাকে অভিযোগনামায় আনীত অভিযোগে দোষী সাব্যস্ত করেছেন; এবং

১০। যেহেতু, উক্ত তদন্ত কমিটির প্রতিবেদনে আপনি আপনার পাসপোর্ট নং-A00931298 ব্যবহার করে ১৪/০১/২০২৫ তারিখ ৮:৫৬ ঘটিকায় US-Bangla Airlines-এ ফ্লাইট নং-BS201-এর মাধ্যমে ভারত-এ গমন করার প্রমাণক প্রদান করেছেন; এবং

১১। যেহেতু, তদন্ত প্রতিবেদনে কোম্পানির কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ধারা ৩৮ (খ) ও ৩৮ (গ) বিধিমাতে আপনাকে যথাক্রমে 'অসদাচরণ' এবং 'পলায়ন' -এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় বর্ণিত অভিযোগে দোষী সাব্যস্ত করে আপনার বিরুদ্ধে গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে;



তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি. (পেট্রোবাংলার একটি কোম্পানী)

১২। সেহেতু, আপনি জনাব মোহাম্মদ জাকির হোসেন (০২৩১১), সহকারী কর্মকর্তা এর বিরুদ্ধে কোম্পানির কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৮ (খ) ও ৩৮ (গ) বিধিতে যথাক্রমে 'অসদাচরণ এবং 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এবং আপনার বিরুদ্ধে গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় একই প্রবিধানমালার ৩৯(১)(খ)(ঈ) বিধি অনুযায়ী কেন আপনাকে চাকুরী হইতে বরখাস্ত বা প্রবিধানমালায় বর্ণিত অন্য কোনো গুরুদণ্ড প্রদান করা হবে না তার লিখিত জবাব এ নোটিশ প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশ দেওয়া হলো।


২৬.১১.১৮
মো. লুৎফুল হায়দার মাসুম
মহাব্যবস্থাপক (মানব সম্পদ)

সংযুক্তি: তদন্ত প্রতিবেদনের অনুলিপি (৩ পৃষ্ঠা)।

প্রাপক:

- ১। জনাব মোহাম্মদ জাকির হোসেন (০২৩১১), সহকারী কর্মকর্তা, সাধারণ ইউটিলিটি শাখা, কমন সার্ভিসেস বিভাগ, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি;
- ২। বর্তমান ঠিকানা: জনাব মোহাম্মদ জাকির হোসেন, পিতা: মরহুম কফিল উদ্দিন প্রধান, বাসা: ১১৭৩/২, নবীনবাগ, পূর্ব জুরাইন, কদমতলী, ঢাকা-১২০৪;
- ৩। স্থায়ী ঠিকানা: জনাব মোহাম্মদ জাকির হোসেন, পিতা: মরহুম কফিল উদ্দিন প্রধান, গ্রাম-রামদাশপুর (আমিনপুর), ফরাজিকান্দি, মতলব, চাঁদপুর।